

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৪১৭

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ আমরা পূর্বে যে দুটি বিষয় উল্লেখ করলাম, যে ব্যক্তি এই দুটি কাজ করবে, তার উপর আল্লাহ ও ফেরেস্টাদের লা'নত

ذِكْرُ إِجَابِ لَعْنَةِ اللَّهِ جَلَّ وَعَلَا وَمَلَائِكَتِهِ عَلَى الْفَاعِلِ الْفَعْلَيْنِ الَّذِينَ تَقَدَّمَ ذِكْرُنَا لَهُمَا

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيٍّ بْنِ الْمُثَنَّى قَالَ حَدَّثَنَا أَبُو خَثِيمَةَ قَالَ حَدَّثَنَا عَفَّانُ قَالَ حَدَّثَنَا
وَهَيْبُ قَالَ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ عُثْمَانَ بْنِ خُثَيْمٍ عَنْ سَعِيدِ بْنِ جَبْرِ عَنْ بَنِي عَبَّاسٍ قَالَ
قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ "مَنْ ادَّعَى إِلَى غَيْرِ أَبِيهِ أَوْ تَوَلَّى غَيْرَ مَوْلَاهِ فَعَلَيْهِ
لَعْنَةُ اللَّهِ وَالْمَلَائِكَةِ وَالنَّاسِ أَجْمِينَ."

الراوي : عَبْدُ اللَّهِ بْنُ عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 417 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৪১৭. আব্দুল্লাহ বিন আব্বাস রাযিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “যে ব্যক্তি তার বাবা ব্যতিত অন্য কোন ব্যক্তিকে বাবা দাবী করবে, অথবা নিজের মুনীব ব্যতিত অন্য কাউকে নিজের মুনীব হিসেবে গ্রহণ করবে, তার উপর আল্লাহ, ফেরেস্টা ও সমস্ত মানুষের লা'নত বর্ষিত হবে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/৩১৮, ৩২৮; ইবনু মাজাহ: ২৬০৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ৩/৮৮।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88880>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন